

ব্রাজিলের প্রেসিডেন্ট নির্বাচনে লুলার জয় ফলাফল প্রত্যাখ্যান বোলসোনারোর

বিশ্ব বার্তা ডেস্ক

লাতিন আমেরিকার বৃহত্তম দেশ ব্রাজিলের প্রেসিডেন্ট নির্বাচনে ঐতিহাসিক জয় পেয়ে পুনর্নির্বাচিত হয়েছেন বর্তমান প্রেসিডেন্ট ও বামপন্থি নেতা লুইজ ইনাসিও লুলা দা সিলভা। তাঁর প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ রোববারের দ্বিতীয় দফা নির্বাচনে তিনি তার ডানপন্থি প্রতিদ্বন্দ্বী সিনেটর ফ্লাভিও বলসোনারোকে প্রায় ৪৪ লাখ ভোটের ব্যবধানে পরাজিত করেছেন। তবে নাটকীয় এই পরাজয় মেনে নিতে অস্বীকৃতি জানিয়ে ভোটগ্রহণের সময় বাড়ানাকে কেন্দ্র করে নির্বাচনের ফল পুরোপুরি বাতিলের দাবি তুলেছেন সাবেক প্রেসিডেন্ট জাইর বলসোনারোর ছেলে ফ্লাভিও। ব্রাজিলের সুপ্রিমির ইলেক্টোরাল কোর্টের প্রাথমিক ফলাফল অনুযায়ী, সব ভোট গণনা শেষে ওয়ার্ল্ডস পাটরি প্রায়ী লুলা পেয়েছেন ৫১ দশমিক ৭৯ শতাংশ ভোট (৬ কোটি ৪২ লাখের বেশি ভোট)। অন্যদিকে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী লিবারেল পাটরি ফ্লাভিও বলসোনারো পেয়েছেন ৪৮ দশমিক ২১ শতাংশ ভোট (৫ কোটি ৯৮ লাখের বেশি ভোট)। আগামী মঙ্গলবার ৮১ বছরে পা দিতে যাওয়া প্রবীণ এই রাজনীতিকের জয়ের মধ্য দিয়ে লাতিন আমেরিকার রাজনীতিতে আরও একবার বামপন্থি ধারার নেতৃত্ব সংহত হলে।। আন্তর্জাতিক মন্ত্রণালয়িত প্রেক্ষাপটে এই নির্বাচনকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বিবেচনা করা হচ্ছে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঘোষিত মিত্র হিসেবে পরিচিত বলসোনারো পরিবারের বিপরীতে ট্রাম্পের কড়া সমালোচক লুলার এই বিজয় ওয়াশিংটনের সঙ্গে ব্রাজিলের কূটনৈতিক দূরত্ব ও আঞ্চলিক ভারসাম্য বজায় রাখার নতুন ইঙ্গিত দিচ্ছে।



এদিকে রবিবার রাতেই পরাজয় মেনে নিতে অস্বীকৃতি জানান ফ্লাভিও বলসোনারো। দেশজুড়ে ভোটগ্রহণের নির্ধারিত সময় শেষ হওয়ার মাত্র তিন মিনিট আগে ব্রাজিলের সুপ্রিম কোর্টের বিচারপতি ক্রিস্তিয়ানো জানিন ভোটকেন্দ্রগুলোর সময়সীমা আরও দুই ঘণ্টা বাড়িয়ে সন্ধ্যা ৭টা পর্যন্ত বহাল রাখার নির্দেশ দেন। ফ্লাভিও বলসোনারোর দাবি, এই সিদ্ধান্ত নজিরবিহীন ও বৈআইনি, যার ফলে এই ফল গ্রহণযোগ্য হতে পারে না। যদিও নির্বাচনী তথ্যমতে, উভয় শিবির থেকেই ভোটগ্রহণের সময় বাড়ানোর আবেদন জানানো হয়েছিল। সাও পাওলো ও সালআদরাস বিভিন্ন অঞ্চলে ভোটার পরিবহনে নিয়োজিত বাস সংকটের কারণে সময় বাড়ানোর অনুরোধ করেছিল লুলার প্রচারণা দল। অন্যদিকে দক্ষিণ

ব্রাজিলে ভারী বৃষ্টিপাতের অজুহাত তুলে সময় বাড়ানোর আর্জি জানিয়েছিল খোদ বলসোনারো শিবিরও। আদালতের এই আদেশের কারণে আনুষ্ঠানিক ভোট গণনা অন্তত দুই ঘণ্টা দেরিতে শুরু হয়। এছাড়া কিছু কেন্দ্রে সময় শেষ হওয়ার সময়সীমা আরও দুই ঘণ্টা বাড়িয়ে সন্ধ্যা ৭টা পর্যন্ত বহাল রাখার নির্দেশ হয়নি। বলসোনারোর ঘনিষ্ঠ আইনপ্রণেতা নিকোলাস ফেরেইরা অভিযোগ করে বলেন, সময় বাড়ানোর আদেশ দেওয়া বিচারপতি জানিন অতীতে লুলার আইনজীবী ছিলেন। বলসোনারো শিবির ফলাফল বাতিলের দাবিতে আইনি লড়াইয়ে যাওয়ার ইঙ্গিত দিলেও বাতিন আমেরিকাসহ আন্তর্জাতিক নেতারাই ইতিমধ্যেই লুলার পুনর্নির্বাচনে অভিনন্দন জানিয়েছেন।

নির্বাচনে ফায়দা পেতে ইরানে হামলা চান নেতানিয়াহ্, বাধা সেনাপ্রধানের

বিশ্ব বার্তা ডেস্ক

ইসরায়েলের আসন্ন সংসদ নির্বাচনের আগে ইরানের সঙ্গে সামরিক সংঘাত তৈরি করতে চান প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ্। এ ঘটনায় দেশটির সেনাপ্রধান ইয়াল জামিরের সঙ্গে দ্বন্দ্বের সৃষ্টি হয়েছে নেতানিয়াহ্। সোমবার (২৬ অক্টোবর) আনাদোলু এজেন্সির এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে জানানো হয়, রাজনৈতিক নেতৃত্ব যাতে নির্বাচনের ফায়দা তুলতে ইরানের সঙ্গে উত্তেজকভাবে ব্যবহার করতে না পারে, সেজন্য সেনাপ্রধান রাজনৈতিক নেতৃত্বের কাছে বিস্তারিত আলোচনা এবং লিখিত আইনি অনুমোদনের দাবি জানিয়েছেন। এক নিরাপত্তা কর্মকর্তা সতর্ক করে বলেছেন, এই সামরিক পদক্ষেপে দ্রুতই ইরানের সঙ্গে সরাসরি সংঘাতের রূপ নিতে পারে। ইসরায়েলের চ্যানেল ১৪-কে দেওয়া সাক্ষাৎকারে নেতানিয়াহ্ সেনাপ্রধানের সঙ্গে দ্বন্দ্বের কথা অস্বীকার করে বলেন, ‘কোনো মনোমুখি সংঘাত নেই।’ তিনি রাজনৈতিক উদ্দেশ্যে ইরান ইস্যু ব্যবহারের অভিযোগও প্রত্যাখ্যান করেছেন। তবে ওই একই সাক্ষাৎকারে নেতানিয়াহ্ জানান, তিনি গোয়েন্দা সংস্থাকে নির্দেশ দিয়েছেন এবং বলেন, তিনি মোসাদ ও সামরিক বাহিনীকে ইরানের সরকার পতনে কাজ করার নির্দেশ দিয়েছেন। তিনি দাবি করেন, ইরান তাদের পারমাণবিক কর্মসূচি পুনরায় শুরু করেছে এবং এই নির্বাচনকে অস্তিত্ব রক্ষার লড়াই বলে তুলে ধরেন। এর আগে নেতানিয়াহ্ তেল আবিবের ওপর পারমাণবিক বিক্ষোভের একটি কৃত্রিম বৃদ্ধিমত্তা দিয়ে তৈরি ছবি পোস্ট করেন।



ইরানের সঙ্গে আলোচনায় আন্তরিক নয় যুক্তরাষ্ট্র: ইসমাইল বাঘাই

বিশ্ব বার্তা ডেস্ক

ইরানের সঙ্গে আলোচনার বিষয়ে যুক্তরাষ্ট্রের আন্তরিকতা নিয়ে প্রশ্ন তুলেছে তেহরান। দেশটির অভিযোগ, কূটনৈতিক সমাধানের কথা বললেও ওয়াশিংটন বারবার নিজেদের শর্ত ভঙ্গিয়ে দেওয়ার চেষ্টা করেছে। একই সঙ্গে ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে মার্কিন অভিযোগকে সামরিক অগ্রাসনের অজুহাত হিসেবে ব্যবহার করা হচ্ছে বলে দাবি করেছে তেহরান। গতকাল সোমবার (২৬ অক্টোবর) সাক্ষাৎকি সর্বদান সন্মেলনে এসব অভিযোগ করেন ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। তুরস্কের বার্তা সংস্থা আনাদোলু দেশটির র‍াষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনার বরাতে এ তথ্য জানিয়েছে। বাঘাই বলেন, যুক্তরাষ্ট্র বারবার মার্কিনা দাবি করে আসছে। ২০২৫ সালের জুনে ইরানে মার্কিনা হামলার কিছুদিন আগেও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আলোচনার পক্ষে অবস্থান নিয়েছিলেন। সেই প্রসঙ্গ তুলে তিনি প্রশ্ন করেন, ‘এতাকে আশুদার্যা কী বলবেন? এই আচরণের মধ্যে কি কোনো সদ্দিহ্য দেখতে পান?’ ইউরোপীয় দেশগুলোর ভূমিকারও সমালোচনা করেন ইরানের এই মুখপাত্র। তিনি জানান, রাজনৈতিক বিবৃতি ছাড়া আলোচনার বিষয়ে ইউরোপের পক্ষ থেকে নতুন কোনো প্রস্তাব পায়নি তেহরান। বাঘাইয়ের অভিযোগ, ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে জাতিসংঘের নিষেধাজ্ঞা পুনর্ব্যহারের ক্ষেত্রে যুক্তরাজ্য, ফ্রান্স ও জার্মানি যুক্তরাষ্ট্রের অবস্থান অনুসরণ করেছে। এমনকি ইরানে সামরিক হামলার নিন্দা জানাতেও দেশগুলো ব্যর্থ হয়েছে। ইরান কর্তৃক পরমাণু অস্ত্র তৈরি করেনি কিংবা এ ধরনের অস্ত্র অর্জনের চেষ্টাও করেনি

বলে দাবি করেন বাঘাই। তিনি বলেন, তেহরান আন্তরিকতার সঙ্গে আলোচনায় অংশ নিয়ে ২০১৫ সালে পরমাণু চুক্তিতে সই করেছিল। কিন্তু ২০১৮ সালে যুক্তরাষ্ট্র একতরফাভাবে ওই চুক্তি থেকে বেরিয়ে যায়। তার অভিযোগ, ইরানের পরমাণু কর্মসূচি নিয়ে ইসরায়েলের দাবির প্রভাবে সিদ্ধান্ত নিচ্ছে মার্কিন প্রশাসন। ইরান পরমাণু বোমা তৈরি করছে, এমন অভিযোগ তুলে দেশটির বিরুদ্ধে সামরিক পদক্ষেপের যৌক্তিকতা প্রতিষ্ঠার চেষ্টা চলছে। সর্বদান সন্মেলনে কাতারে হামলার শিকার একটি উড়োজাহাজের তিন ইরানি পাইলটের বিষয়েও কথা বলেন বাঘাই। তিনি জানান, ওই পাইলটদের পরিণতি সম্পর্কে স্পষ্ট তথ্য দেয়ার দায়িত্ব কাতারের। বাঘাই বলেন, তাদের মৃত্যুর প্রমাণ কিংবা সুনিশ্চিত তথ্য ও নথিপত্র না পাওয়া পর্যন্ত যে দেশে উড়োজাহাজটি হামলার শিকার হয়েছে, সেই দেশকেই দায় নিতে হবে। বিষয়টি নিয়ে ইরানের সামরিক নেতৃত্বের সঙ্গে সমন্বয় করে কারিগরি ও আইনি পর্যায়ে আলোচনা চলছে। সশস্ত্রি কাতারের একটি প্রতিনিধিদলের তেহরান সফরের কথাও নিশ্চিত করেন তিনি। তফেরে স্বিপক্ষীয় সহযোগিতা ও আঞ্চলিক মধ্যস্থতার প্রচেষ্টা নিয়ে আলোচনা হয়েছে। বাঘাই জানান, চলমান সংঘাতের মধ্যে বিভিন্ন পক্ষের বার্তা পৌছে দিতে এবং নিজেদের অবস্থান তুলে ধরতে ভূমিকা রাখছে কাতার। ইসরায়েলের আসন্ন নির্বাচন ও ইরানে সামরিক হামলার হুমকি প্রসঙ্গে বাঘাই বলেন, ইসরায়েলি রাজনীতিকরা কে কত বেশি অপরাধ করতে পারেন, তা নিয়ে প্রতিযোগিতায় নেমেছেন।

ভারতের পার্লামেন্টের কাছে স্বরস্ট্রি-অর্থ মন্ত্রণালয় ভবনে ভয়াবহ আঙুন বিশ্ব বার্তা ডেস্ক

নয়াদিল্লির পার্লামেন্ট ভবনের কাছে অবস্থিত সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভবন নর্থ ব্লকের ছাদে মেরামতের কাজ করার সময় আঙুন লাগার ঘটনা ঘটেছে। খবর পেয়ে দিল্লি ফায়ার সার্ভিস দ্রুত ফায়ার সার্ভিসের ছয়টি ইউনিট পাঠায় এবং আঙুন নিয়ন্ত্রণে আনে। গতকাল সোমবার (২৬ অক্টোবর) এনটিভিডি ও টাইমস নাউ-এর প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। পূর্বা ও ফায়ার সার্ভিস স্ট্রের বরাতে জানা গেছে, সকাল ১১টা ১০ মিনিটে ভবনটি থেকে ঘন ধোঁয়া বের হতে দেখে ফায়ার সার্ভিসে খবর দেওয়া হয়। পরবর্তীতে জানা যায় ভবনের ভেতরে ভেতরের অংশ ভেঙে ফেলা এবং ছাদে এসি বয়লারে ঝালাইয়ের কাজ চলার সময় শর্ট সার্কিট থেকে এই অগ্নিগণ্ড ঘটে। এই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। আঙুন লাগার বিষয়ে ফায়ার সার্ভিস বাহিনীর এক কর্মকর্তা বিবৃতিতে জানান, ‘নর্থ ব্লকের ছাদে বসানো একটি এসি বয়লারে আঙুন লাগে। ঝালাইয়ের কাজ চলার সময় একটি এসি বয়লারে আকস্মিক শর্ট সার্কিট থেকে আঙুন লাগে বলে জানা গেছে। আঙুন ইতিমধ্যেই নিয়ন্ত্রণে আনা হয়েছে।’ শিবসেনা নেতা ও রাজ্যসভার সদস্য সদস্য মিলিנד দেওরা উদ্ভাবন দলি সামাজিক মাধ্যম এক্স-এ লিখেছেন, ‘সংসদের দিকে যাওয়ার সময়ে নর্থ ব্লকের পেছন থেকে ঘন ধোঁয়া উঠতে লক্ষ্য করছি।’ তিনি এক্স-এ দেওয়া ওই বার্তায় ভবনটিতে অবহাতির সবার নিরাপত্তা এবং জরুরি সেবাদানকারী দলের দ্রুত উপস্থিতিতে আশা প্রকাশ করেন।



নিকি মিনাজকে দেখে ট্রাম্প বললেন এমন সুন্দর নিতম্ব আগে দেখিনি’

বিশ্ব বার্তা ডেস্ক

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মিশিগানের পোট হিউরনে আয়োজিত এক রিপাবলিকান নির্বাচনী জনসভায় বিখ্যাত র‍্যাপার নিকি মিনাজের শারীরিক গঠনের প্রশংসা করে নতুন আলোচনার জন্ম দিয়েছেন। রোববার (২৫ অক্টোবর) এই জনসভার আগে ৪৩ বছর বয়সী এই সঙ্গীতশিল্পী মার্কিন প্রেসিডেন্টের সঙ্গে বিমানে ভ্রমণ করেন। সমাবেশে বক্তব্য দেওয়ার সময় ট্রাম্প আগে ওহাইওর সেনেটর জন হার্সেডের শারীরিক গঠনের কথা উল্লেখ করে বলেন, এরপর তিনি নিকি মিনাজের দিকে তাকান। তিনি উপস্থিত জনতাকে উদ্দেশ্য করে মিনাজের অববাহের প্রশংসা করেন। মঞ্চ ছেড়ে নারার সময় ট্রাম্প বলেন,‘নিকিকে এর চেয়ে বেশি সুন্দর আর কখনো লাগেনি। এর আগে, নিজের বক্তব্যে এক রিপাবলিকান পুরুষ প্রার্থীর নিতম্বের প্রশংসা করেন ট্রাম্প। এরপরই সমবেত জনতার দৃষ্টি মিনাজের দিকে ফেরান তিনি।

প্রসঙ্গ টেনে ট্রাম্প বলেন,‘ওয়াই হোক, একটু আগে আমি একটি সুন্দর নিতম্ব দেখেছি। নিকি মিনাজের। এটিতে কোথ এড়িয়ে যাওয়া কঠিন।’ জনতার উত্সাহের মধ্যে তিনি মিনাজকেদাঁড়াতে বলেন এবং যোগ করেন, তিনি আশা করছেন মিনাজ তার এই মন্তব্যেও অপরমানিচ্ছ বোধ করেননি। জনসভায় বক্তব্য রাখতে গিয়ে নিকি মিনাজ ডোনাল্ড ট্রাম্পের প্রতি তার পূর্ণ সমর্থন ব্যক্ত করেন। তিনি জানান, ট্রাম্পের প্রত্যাবর্তনের মাধ্যমে দেশে আশার সঞ্চার হয়েছে এবং তিনি শিশুদের জন্য একটি সুন্দর ভবিষ্যৎ উপহার দিচ্ছেন। মিনাজ আগামী মধ্যবর্তী নির্বাচনে মিশিগানে রিপাবলিকান প্রার্থীদের জয়ী করার জন্য উপস্থিত সমর্থকদের প্রতি আহ্বান জানান। এর আগে বিমানে ভ্রমণের সময় তোলা একটি ভিডিও সামাজিক মাধ্যমে শেয়ার করে হোয়াইট হাউসের প্রেস সচিব পদ নিয়ে একটি রসাত্মক মন্তব্য করেন ট্রাম্পের যোগাযোগ পরিচালক স্টিভেন চিডে। এতে করে ট্রাম্প প্রশাসনে মিনাজের সম্ভাব্য ভূমিকার বিষয়টি নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে।

সৌদি-তুরস্ক ও পাকিস্তানের সঙ্গে বৈঠকে বসছে ইরান

বিশ্ব বার্তা ডেস্ক

মক্কা প্রতিরক্ষা চুক্তির অংশীদার সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের উচ্চপায়েের একটি যৌথ প্রতিনিধি দল তেহরানে ইরানের শীর্ষ নেতৃত্বের সঙ্গে বৈঠকে বসছে। মধ্যপ্রাচ্যে ক্রমবর্ধমান হুতি হামলা ও যুক্তরাষ্ট্র-ইরান উত্তেজনার মধ্যে আঞ্চলিক সমন্বয়ের লক্ষ্যে এই বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। গতকাল সোমবার (২৬ অক্টোবর) বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে এই খবর জানানো হয়েছে। বৈঠকে সৌদি আরবের প্রতিনিধিত্ব করবেন প্রতিরক্ষামন্ত্রী প্রিন্স খালিদ বিন সালমান, পাকিস্তানের পক্ষ অংশ নেনেন সেনাপ্রধান ফিল্ড মার্শাল অসীম মুনীর এবং তুরস্কের প্রতিনিধিত্ব করবেন গোয়েন্দা প্রধান ইব্রাহিম কালিন। যৌথ প্রতিরক্ষা জোট গঠনের পর এই ত্রি দেশীয় রকের সঙ্গে ইরানের এটিই প্রথম উচ্চপায়ের আনুষ্ঠানিক বৈঠক। সৌদি পাবলিক ডিপ্লোমাসির ডেপুটি মিনিস্টার রায়দে ক্রিমলি সামাজিক মাধ্যম এক্স-এ জানান, ‘এই সফরটি আঞ্চলিক নিরাপত্তা ও স্থিতিশীলতা রক্ষায় মক্কা চুক্তিভুক্ত দেশগুলোর মূল ভূমিকা এবং তা অর্জনে অঞ্চলের সব রাষ্ট্রের সঙ্গে কাজ করার প্রতিশ্রুতিকে তুলে ধরে।’



৪ দিনের ইসরায়েলি অভিযানে ২ হাজার ৬৪৯ ফিলিস্তিনি বাস্তুচ্যুত

বিশ্ব বার্তা ডেস্ক

অধিকৃত পশ্চিম তীরের হেব্রন গভর্নরেট জুড়ে ইসরায়েলি বাহিনীর সামরিক অভিযান টানা চতুর্থ দিনে গড়িয়েছে। হেব্রন সাপোর্ট অ্যান্ড রিলিফ কমিটির তথ্য অনুযায়ী, অভিযান, অবরোধ, যানবাহন বাজেয়াপ্তকরণ ও বাসিন্দাদের ওপর নির্যাতনের কারণে বাস্তুচ্যুত মানুষের সংখ্যা বেড়ে ২ হাজার ৬৪৯ জনে দাঁড়িয়েছে। গতকাল সোমবার (২৬ অক্টোবর) আল জাজিরার এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। জানা গেছে, মধ্যপ্রাতে সাঁজোয়া যান নিয়ে ফারশ আল-হাওয়া প্রবেশদ্বার দিয়ে ইসরায়েলি সেনার নতুন দল হেব্রনে প্রবেশ করে। একই সময়ে বাহিনীর সদস্যরা

শহরের দক্ষিণাঞ্চলীয় এলাকায় ঢুক পড়ে এবং বেশ কয়েকটি ফিলিস্তিনি গাড়ি জব্দ করে। হেব্রনের গভর্নর খালেদ দুদিন জানান, সাম্প্রতিক দিনগুলোতে ইসরায়েলি বাহিনী ৭০ জন ফিলিস্তিনিকে গ্রেপ্তার কাছে থেকে বলেন, ‘সামরিক অভিযানের কারণে ৪৫০টিরও বেশি পরিবার গৃহহীন হয়েছে এবং ৫০০টি বাড়িতে তত্ত্বাব্ধি চালানো হয়েছে।’ তিনি আরও যুক্ত করেন, ইসরায়েলি সেনারা ১২৮টি ফটক ও ১২০টি সেনাচৌকি বসিয়ে পুরো অঞ্চলকে বিচ্ছিন্ন করে ফেলেছে। অন্যদিকে গাজার দক্ষিণাঞ্চলের খান ইউসিফ শহরের উপকণ্ঠে ইসরায়েলি স্থল ও বিমান হামলায় অন্তত তিনজন নিহত এবং ১০ জনেরও বেশি আহত হয়েছেন বলে চিকিৎসকরা নিশ্চিত করেছেন।

কানাডায় স্থায়ী হওয়ার প্রলোভনে নারীকে যৌন নির্যাতন, দুই বাংলাদেশির কারাদণ্ড



বিশ্ব বার্তা ডেস্ক কানাডায় কাজের অনুমতিপত্র ও স্থায়ীভাবে বসবাসের সুযোগ করে দেওয়ার প্রলোভন দেখিয়ে এক বাংলাদেশি নারীকে মানব পাচার, শ্রম শোষণ ও যৌন নির্যাতনের দায়ে দুই বাংলাদেশিকে কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। সাজাপ্তরা মোহাম্মদ মাসুমেকে ১৪ বছর এবং সোহেলে হাবদারকে চার বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। খবর কানাডার স্থানীয় গণমাধ্যম সিবিসি নিউজ এবং সিটিভি।

বিস্তারক মিগুয়েল মার্টিনেজ এ রায় ঘোষণা করেন। আদালতের রায় অনুসারে, মাসুম মানব পাচার ও যৌন নিপীড়নের তিনটি অভিযোগে দোষী সাব্যস্ত হয়েছেন। অন্যদিকে, হাবদার মানব পাচারের দায়ে চার বছরের কারাদণ্ড পেয়েছেন। আদালতে উপস্থাপিত তথ্য অনুযায়ী, বাংলাদেশে প্রায় ১৮ বছর সরকারি চাকরি করা ওই নারী কানাডায় রেস্টোরায় চাকরি এবং ভবিষ্যতে স্থায়ীভাবে বসবাসের সুযোগ পাওয়ার আশায় দেশটিতে আসেন। ২০২২ সালের আগস্ট থেকে ২০২৩ সালের মার্চ পর্যন্ত তিনি সাসকাচুয়ানের গাল লেক ও টিসডেল এলাকায় রেস্টোরায় কাজ করেন। অভিযোগ ও আদালতের পর্যবেক্ষণ

রিয়াদ বিমানবন্দরে আবারও হামলা, পাল্টা পদক্ষেপ সৌদি জোটের

বিশ্ব বার্তা ডেস্ক

সৌদি আরবের রাজধানী রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দর লক্ষ্য করে নিখুঁত ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা করা হয়েছে। এছাড়াও দেশটির পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের বেশ কয়েকটি অপরিশোধিত তেল পাম্পিং স্টেশনে ড্রোন হামলা চালানোর দাবি করেছে ইয়েমেনের হুতি বিদ্রোহীরা। গতকাল সোমবার (২৬ অক্টোবর) হুতিদের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি সামাজিক মাধ্যম এক্স-এ এক বিবৃতিতে এই ক্ষেপণাস্ত্র ও ড্রোন আক্রমণের বিষয়টি নিশ্চিত করেছেন। এর প্রতিক্রিয়া হিসেবে ইয়েমেনের রাজধানী সানায় জোরানো সামরিক অভিযান চালিয়ে হুতিদের দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ মঞ্চ ধ্বংস করেছে সৌদি নেতৃত্বাধীন সামরিক জোট। জোটের মুখপাত্র তুর্কি আল-মালিকি জানান, এর মধ্যে একটি লঞ্চার রিয়াদ বিমানবন্দরের হামলায় ব্যবহৃত হয়েছিল এবং হুতিদের ক্ষেপণাস্ত্র নেটওয়ার্ক পুরোপুরি ধ্বংস করতে এই অভিযান অব্যাহত থাকবে। সৌদি জোটের পক্ষ থেকে আরও জানানো হয়, হুতিদের হুমকি নিষ্কর করতে ইয়েমেনে তাদের রদবদল ও রাসদ সরবরাহের পথ বন্ধের উদ্দেশ্যে পাঁচটি ক্ষেপণাস্ত্র সরক্ষণ সুড়ঙ্গ, চারটি লঞ্চার এবং একটি অস্ত্রাগারে হামলা চালানো হয়েছে। এছাড়া হুতিদের সামনের সারির সামরিক সরঞ্জাম ও খাতিওলেককে নিশানা করেছে জোট বাহিনী। হুতি মুখপাত্র ইয়াহিয়া সারি আরও দাবি করেন, সৌদি আরবের খামিস মুশাইতের কিং খালিদ বিমানঘাটি ও জাজানার একটি নৌঘাটিতে আক্রমণের পাশাপাশি ইয়েমেনের এডেনে গভর্নরেটের সলাহ আল-দিন এবং লাহিরের আল-ওয়াহাত এলাকায় প্রতিপক্ষ সামরিক বাহিনীর অবস্থান ও অস্ত্রাগারে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে তারা। বিপরীতে গত ২৪ ঘণ্টায় হোয়েইহাহ, লাহিজ, আমরান, সাাদানা, আল-জাউফ, তাইজ ও ইকসহ ইয়েমেনের বিভিন্ন প্রদেশে অন্তত ৫৬টি বিমান হামলা চালানোর জন্য সৌদি জোটকে অভিযুক্ত করেছে হুতিরা।



ইরানে হামলার চাপ দিচ্ছেন নেতানিয়াহ্, সায় দেননি ট্রাম্প

বিশ্ব বার্তা ডেস্ক

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ্ চাইছেন যুক্তরাষ্ট্রের সঙ্গে যৌথভাবে ইরানে আবার সামরিক হামলা চালাতে এবং এর জন্য তিনি ডোনাল্ড ট্রাম্পকে চাপ দিচ্ছেন। কিন্তু সত্বেও সারি নির্বাচনের আগে যুক্তরাষ্ট্র এই সামরিক পদক্ষেপে সায় দেয়নি। সিনএনএকে ইসরায়েলের এক নিরাপত্তা সূত্র জানিয়েছে, নির্বাচনের আগেই ইরানে স্টোখ হামলা চালানোর জন্য ট্রাম্পকে রাজি করানোর চেষ্টা করেছিলেন নেতানিয়াহ্। এর একটি কারণ হিসেবে ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনীর প্রধান ইয়াল জামিরের উদ্বেগের কথা উল্লেখ করেছেন ওই সূত্র। যুক্তরাষ্ট্রের জয়েন্ট চিফস অব স্টাফের চেয়ারম্যান জেনারেল ড্যান কেইনকে জামির জানিয়েছিলেন, ‘এ সময় ইরানে হামলা চালালে ইসরায়েলের নির্বাচন ক্ষতিগ্রস্ত হতে পারে এবং তা গিচ্ছিয়ে দেওয়ার পরিস্থিতি তৈরি হতে পারে।’

যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের সর্মাখন আদায়ের চেষ্টাও চলাছিল। তবে ট্রাম্পসহ জোষ্ট মার্কিন কর্মকর্তারা ইসরায়েলকে আগাতত হামলা স্বগিত রাখতে বলেছেন। একই সঙ্গে ভবিষ্যতে দুই দেশ যৌথভাবে অভিযান চালাতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন তারা। সত্ত্বেগুলোর মতে, ইসরায়েল আগাতত হামলার পরিকল্পনা পিছিয়ে দিলেও যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্ভাব্য যৌথ অভিযানের প্রস্তুতি নিচ্ছে। এ অভিযান যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের পর হতে পারে। অন্যদিকে, ইরান ও ইয়েমেনের হুতি বিদ্রোহীদের পাল্টা হামলার আশঙ্কায় ইসরায়েলের ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার ওপর তীব্র চাপ তৈরি হয়েছে। এমন পরিস্থিতিতে তাদের সুরক্ষায় যুক্তরাষ্ট্রের সামরিক সহায়তা জরুরি বলে জানিয়েছে সংশ্লিষ্ট সত্ত্বেগুলো। সম্ভ্রতি এক সামরিক অনুষ্ঠানে নেতানিয়াহ্ জানান, ইরানের শাসনব্যবস্থার পতন ঘটানোই ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী ও গোয়েন্দা সংস্থাগুলোর মূল লক্ষ্য। তবে নতুন করে হামলার বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের চূড়ান্ত সিদ্ধান্তের অপেক্ষায় রয়েছে তেল আবিব।

পাকিস্তান-আফগানিস্তানে ৫.২ মাত্রার ভূমিকম্প

বিশ্ব বার্তা ডেস্ক

আফগানিস্তান ও পাকিস্তানের কিছু অংশে ৫.২ মাত্রার একটি মাঝারি ধরনের ভূমিকম্প অনুভূত হয়েছে। এতে উভয় দেশের কয়েকটি প্রদেশ কেঁপে ওঠে। স্থানীয় সংবাদমাধ্যমের বরাতে এ তথ্য জানিয়েছে তুর্কি বার্তা সংস্থা আনাদোলু। আফগান সংবাদমাধ্যম তোলেমনিউজের প্রতিবেদন অনুযায়ী, দেশটির রাজধানী কাবুল, নানারহাট এবং এর আশেপাশের বেশ কয়েকটি